**আইসিটি সেল**
চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়
চট্টগ্রাম-৪৩৩১, বাংলাদেশ।
ইমেইল: director.ict@cu.ac.bd
ফোন: পিএবিএক্স: +880-31-726311-14
এক্সটেনশন: 4255
ওয়েবসাইট: ictcell.cu.ac.bd

**ICT CELL**
**University of Chittagong**
Chittagong-4331, Bangladesh
Email: director.ict@cu.ac.bd
Phone: PABX +880-31-726311-1
Extension: 4255
Web: ictcell.cu.ac.bd

Ref/সূত্র: ২৭/২৬৫ তারিখ: ১৬ আগস্ট ২০২৬ খ্রি.

বরাবর
**রেজিস্ট্রার (ভারপ্রাপ্ত)**
চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়।

**বিষয়: ২০২৫-২০২৬ সেশনে ভর্তিকৃত শিক্ষার্থীদের অনলাইন প্রোফাইল তথ্য যাচাই ও নিশ্চিতকরণ প্রসঙ্গে।**

জনাব,

উপর্যুক্ত বিষয় সদয় দৃষ্টি আকর্ষণ পূর্বক জানানো যাচ্ছে যে, চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ে ২০২৫-২০২৬ শিক্ষাবর্ষে ভর্তিকৃত শিক্ষার্থীদের দ্রুততম সময়ের মধ্যে আইডি কার্ড প্রদানের লক্ষ্যে শিক্ষার্থীদের নিজেদের অনলাইন প্রোফাইল ডাটা যাচাই ও নিশ্চিতকরণের কার্যক্রম চলছে। এ বিষয়ে বিশ্ববিদ্যালয় এবং আইসিটি সেলের অফিশিয়াল ফেসবুক পেজে ইতোমধ্যে বিজ্ঞপ্তি প্রচার করা হয়েছে।

উল্লিখিত কার্যক্রমটি **১৩ থেকে ২২ আগস্ট** ২০২৬ পর্যন্ত চলমান থাকবে। নির্ধারিত সময়ের মধ্যে যেসব শিক্ষার্থী তাদের তথ্য অনলাইনে নিশ্চিত করতে ব্যর্থ হবেন, তাদের প্রিন্টেড আইডি কার্ড প্রদান ও ডিজিটাল আইডি কার্ড ডাউনলোড আপাতত স্থগিত থাকবে। পরবর্তীতে আইসিটি সেলের সুবিধাজনক সময়ে নতুন শিডিউল নির্ধারিত না হওয়া পর্যন্ত তাদের আইডি কার্ড প্রদান বিলম্বিত হবে। তাছাড়া, এর মধ্যে পরবর্তি ২০২৬-২০২৭ সেশনের ভর্তি কার্যক্রম শুরু হয়ে গেলে আইডি কার্ড প্রদানের এই কার্যক্রম সম্পূর্ণ বন্ধ থাকবে।

এমতাবস্থায়, সকল বিভাগ/ইনস্টিটিউটের ২০২৫-২০২৬ সেশনের ছাত্র-ছাত্রীরা যাতে আগামী ২২/০৮/২০২৬ তারিখের মধ্যে তাদের প্রোফাইল তথ্য অনলাইনে নিশ্চিত করতে পারে, সে বিষয়ে সংশ্লিষ্ট শিক্ষার্থীদের জরুরীভাবে নির্দেশনা প্রদানের জন্য অত্র বিশ্ববিদ্যালয়ের সকল বিভাগ/ইনস্টিটিটের সভাপতি/পরিচালক-কে জরুরী অবহিতকরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের (কেন্দ্রীয় প্রেরণ শাখার মাধ্যমে) অনুরোধ করা যাচ্ছে।

**তথ্য নিশ্চিতকরণ পেইজের লিংক:** https://apps.cu.ac.bd/id/check-data.php

ধন্যবাদান্তে,

**পরিচালক**
আইসিটি সেল
চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়।

স্মারক নম্বর: জি-২৬৬/ সা. প্রশা./২০২৬/৯২৩৮ তারিখ: ১৭.৮.২০২৬ খ্রি.

**সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে আদেশক্রমে অনুলিপি প্রেরিত হলো :**

১। সভাপতি, সকল বিভাগ/পরিচালক, সকল ইনস্টিটিউট ও গবেষণা কেন্দ্র, চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় (স্ব স্ব বিভাগ/ইনস্টিটিউট ও গবেষণা কেন্দ্রের সকল শিক্ষার্থীর মাঝে বহুল প্রচারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য আদেশক্রমে অনুরোধ করা হলো)।
২। পরিচালক, আইসিটি সেল, চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় (সংযুক্ত বিজ্ঞপ্তিখানা চ.বি. ওয়েব সাইটে আপলোড করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য আদেশক্রমে অনুরোধ করা হলো)।
৩। ডেপুটি রেজিস্ট্রার, উপাচার্য দপ্তর, চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়।
৪। ডেপুটি রেজিস্ট্রার, উপ-উপাচার্য (প্রশাসন) এর দপ্তর, চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়।
৫। সহকারী রেজিস্ট্রার, উপ-উপাচার্য (একাডেমিক) এর দপ্তর, চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়।

১৭.৮.২০২৬

(মোহাম্মদ আল রিজোয়ানুল ইসলাম)
ডেপুটি রেজিস্ট্রার
জেনারেল শাখা, রেজিস্ট্রার অফিস, চ.বি.।